দৈনিক বাংলা

তারিখ ... 29 JAN 1991
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 4

175

সাহাবুদ্দীনের সঙ্গে সাক্ষাৎ

# এরশাদকে সাধারণ কয়েদী হিসাবে জেলে পাঠান ঃ ছাত্রঐক্য

ডাকসুর জিএস খায়রুল কবির খোকনের নেতৃত্বে সর্বদলীয় ছাত্র ঐক্যের ৭ সদস্যের একটি প্রতিনিধি দল গতকাল সন্ধ্যায় ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীনের সঙ্গে তার সরকারী বাসভবনে সাক্ষাৎ করেন। খবর বাসসর।

ছাত্র ঐক্য নেতৃবৃন্দ সাবেক প্রেসিডেন্ট এরশাদকে অবিলম্বে ঢাকা কেন্দ্রীয় কারাগারে স্থানান্তর এবং সুনির্দিষ্ট মামলার চার্জশীট প্রদানের পর তাকে বিশেষ কোনো সুবিধা না দিয়ে একজন সাধারণ কয়েদীর মর্যাদা দেয়ার দাবী জানান।

ছাত্র ঐক্য নেতৃবৃন্দ ভারপ্রাপ্ত প্রেসিডেন্টকে বলেন, দেশে অবস্থানরত কূটনীতিক ও অন্যান্য বিদে

আমাদের দেশের বন্ধু। আমাদের সবাইকে তাদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

(শেষ পৃঃ ৩–এর কঃ দ্রঃ)

## এরশাদকে কয়েদী হিসাবে

(প্রথম পৃঃ পর)

নেতৃবৃন্দ আরও বলেন, জাতির স্বার্থে বিদেশীদের প্রতি আমাদের সৌজন্য প্রদর্শন করা উচিৎ।

নেতৃবৃন্দ ছাত্রদের কিছু সমস্যার প্রতি ভারপ্রাপ্ত প্রেসিডেন্টের দৃষ্টি আকর্ষণ করেন।